

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART - II

বাংলা — সাধারণ

তৃতীয় পত্র

Duration : 3 Hours

Full Marks : 100

উত্তর যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। ক) “মনে পড়িতেছে, কোনো এক ইংরাজ কবি লিখিয়াছেন, মানুষেরা এক-একটি বিচ্ছিন্ন দ্বীপের মতো, পরস্পরের মধ্যে অপরিমেয় অশ্রুলবগান্তি সমুদ্র।” — কার লেখা, কোন প্রবন্ধের অংশ ? ঐ ‘ইংরাজ কবি’র নাম কী ? প্রাবন্ধিকের আলোচনায় ‘ইংরাজ কবি’র এই মন্তব্যের প্রাসঙ্গিকতা কোথায়, তা বুঝিয়ে দিন। পরস্পর ‘বিচ্ছিন্ন দ্বীপের মতো’ মানুষের মধ্যে ‘অপরিমেয় অশ্রুলবগান্তি সমুদ্র’-এর তৎপর্য কী ?

২ + ১ + ৮ + ৮

অথবা

- খ) “স্বাজাতোর অহমিকা থেকে মুক্তিদান করার শিক্ষাই আজকের দিনের প্রধান শিক্ষা।” — ‘স্বাজাতোর অহমিকা’ বলতে কী বোঝান হয়েছে ? প্রাবন্ধিক মূলত যে শিক্ষার কথা বলতে চেয়েছেন, তার স্বরূপ আলোচনা করুন।

৬ + ৯

- ২। যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন :

১ × ৫ = ৫

- ক) “আপনাকে আপনাতেই যে বন্ধ করে সে থাকে লুপ্ত, আপনাকে সকলের মধ্যে যে উপলব্ধি করে সেই হয় প্রকাশিত।” — প্রসঙ্গ নির্দেশ করে মন্তব্যটির তৎপর্য বুঝিয়ে দিন।
- খ) “এই রূপে জ্যোতিহীন, গতিহীন, বৈচিত্র্যহীন কালিমালিষ্ঠ একাকারের দিনে ব্যাঙের ডাক ঠিক সুরটি জাগাইয়া থাকে।” — কোন প্রসঙ্গে প্রাবন্ধিকের এই মন্তব্য ? ‘ঠিক সুরটি’ বলতে তিনি কী বুঝিয়েছেন ?
- গ) “মানুষের পরিবর্তে আইন, রুটির পরিবর্তে পাথরের মতো। সে পাথর দুর্ভ এবং মূল্যবান হইতে পারে কিন্তু তাহাতে ক্ষুধা দূর হয় না।” — প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির মর্মার্থ বিশ্লেষণ করুন।

৩ + ২

- ৩। ক) “আগার রাজপরিবারের সঙ্গে সংগ্রামের বাঙালী পরিবারের যোগস্থাপন স্বাভাবিক ও সঙ্গত হয় নাই।”
— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন।

১৫

অথবা

- খ) কপালকুণ্ডলার জীবন ও চরিত্রে অরণ্যপ্রকৃতি, তান্ত্রিকতা এবং সামাজিকতার প্রভাব কতখানি কার্যকরী হয়েছে,
তা আলোচনা করে বুঝিয়ে দিন।

১৫

- ৪। যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন :

 $1 \times 5 = 5$

- ক) “বাঙালী অবস্থার বশীভূত, অবস্থা বাঙালীর বশীভূত হয় না।” — কেন, প্রসঙ্গে লেখকের এই মন্তব্য ? এই
মন্তব্যে তাঁর কীরূপ মানসিকতার প্রকাশ ঘটেছে ?

২ + ৩

- খ) “এক আকাশে কি চন্দ্ৰ সূর্য উভয়েই বিৱাজ করেনা ? এক বৃন্তে কি দুটি ফুল ফোটে না ?” — বক্তা কে ?
কার প্রতি এই উক্তি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন।

 $1 + 1 + 3$

- গ) “যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।” — কে, কোন প্রসঙ্গে এই
উক্তি করেছে ? তাঁর এরূপ উক্তির কারণ কি ?

৩ + ২

- ৫। ক) “একে তো জাতিভেদের উপর রমেশের কোনোদিনই আস্থা ছিল না, তাহাতে এই দুই গ্রামের অবস্থা তুলনা
করিয়া তাহার অশ্রদ্ধা শতগুণে বাড়িয়া গেল।” — কেন, দুটি গ্রামের কথা বলা হয়েছে ? ঐ দুটি গ্রামের
অবস্থার তুলনামূলক আলোচনা করুন এবং তাতে রমেশের অশ্রদ্ধা বৃদ্ধির কারণগুলি বিশ্লেষণ করে বুঝিয়ে
দিন।

২ + ৬ + ৭

অথবা

- খ) রমা চরিত্রটি অক্ষনে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করুন। এই চরিত্রটির পরিণতি কতখানি সঙ্গতিপূর্ণ হয়েছে, সে
বিষয়ে নিজস্ব অভিমত দিন।

৯ + ৬

১০

- ৬। যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন :

 $1 \times 5 = 5$

- ক) “সেকালে না-কি তক্ষক দাঁত ফুটাইয়া এক বিৱাট অশ্বথ গাছ জ্বালাইয়া ছাই করিয়া দিয়াছিল।” — কেন
প্রসঙ্গে এই পৌরাণিক ঘটনার উল্লেখ করা হয়েছে ? ঘটনাটি সংক্ষেপে লিখুন।

২ + ৩

- খ) “হায় রে, এই আমাদের গর্বের ধন — বাঙালার শুন্দ, শান্ত, ন্যায়নিষ্ঠ পঞ্জীসমাজ !” — কার উক্তি ? তাঁর
এমন আক্ষেপোক্তির কারণ কি ?

১ + ৮

- গ) “একি অর্থপূর্ণ মঙ্গল অভিপ্রায় তাঁরই, না এ শুধু আমাদের সমাজের খেয়ালের খেলা !” — কে, কোন
প্রসঙ্গে এই উক্তি করেছে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

৩ + ২

- ক) “এই নাটকে যথার্থ নাট্য-পরিগতি দেখা দিয়েছে যেখানে বিক্রমের দুর্দান্ত প্রেম প্রতিহত হয়ে পরিণত হয়েছে দুর্দান্ত হিংস্রতায়, আত্মাধাতী প্রেম হয়ে উঠেছে বিশ্঵াসাতী।” — ‘রাজা ও রাণী’ নাটক সম্পর্কে এই মন্তব্য কতখানি যুক্তিযুক্ত, তা বিচার করুন। ১৫

অথবা

- খ) ‘রাজা ও রাণী’ নাটকে জনতা চরিত্রের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন এবং এ ধরনের চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করুন। ৯ + ৬
- ৮। যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন : $1 \times 5 = 5$
- ক) “হেসো না ঠাকুর ! ছি ছি, শোকের সময়ে হাসি অকল্যাগ।” — কে, কোন প্রসঙ্গে এই উক্তি করেছে ? এই শোকের কারণ কী ? ৩ + ২
- খ) “যোগাসনে লীন ঘোগীবর
তার কাছে কোথা আশে বিশ্বের প্রলয় ?”
— প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তৎপর্য বিশ্লেষণ করুন।
- গ) “ওরে হিংস্রনারী ! ওরে নরকাগ্নিশিখা !” — কার উক্তি ? ‘হিংস্রনারী’ কে ? তার সম্পর্কে এমন উক্তির কারণ কী ? ১ + ১ + ৩
- ৯। ক) ‘পুঁহমাচা’ গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি সার্থক হয়েছে, বিচার করুন। ১৫

অথবা

- খ) “মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘হারানের নাতজামাই’ গল্পটি গণজাগরণের এক সার্থক দলিল।” — আলোচনা করুন। ১৫
- ১০। যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন : $1 \times 5 = 5$
- ক) “করুণায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে।” — কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করুন। তার দেবী হয়ে ওঠার তৎপর্য কী ? ১ + ২ + ২
- খ) “খালি জম্মো দিলেই বাপ হয় না, অম দিলেও হয়।” — কোন প্রসঙ্গে, কার উক্তি ? উক্তিটিতে বক্তার কিরণ মানসিকতার প্রকাশ ঘটেছে ? ৩ + ২
- গ) “চিঠিটি আমার পকেটে নেই, কিন্তু তার প্রতিটি লাইন যেন আমার চোখের সামনে ভাসতে লাগল।” — কোন চিঠির কথা বলা হয়েছে ? বক্তার একপ প্রতিক্রিয়ার কারণ কী ? ২ + ৩